(চা ওয়্যারহাউজ লাইসেন্স ফরম)

উপপরিচালক (বাণিজ্য)
বাংলাদেশ চা বোর্ড
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড,
নাসিরাবাদ, চট্টগ্রাম।

বিষয়: চা ওয়্যারহাউজ লাইসেন্স নিবন্ধণের জন্য আবেদন।

আমি/আমরা চা ওয়্যারহাউজিং ব্যবসায় করতে ইচ্ছুক বিধায় নিম্নে উল্লেখিত ব্যবসায় প্রতিষ্ঠানের নামে চা ওয়্যারহাউজ লাইসেন্স নিবন্ধণের জন্য আবেদন জানাচ্ছি। ওয়্যারহাউজ সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে পেশ করা হলো:

(১) আবেদনকারীর নাম: ______________________________

(২) আবেদনকারীর প্রতিষ্ঠানের নাম: ______________________________

(৩) আবেদনকারীর প্রতিষ্ঠানের ঠিকানা: ______________________________

(৪) চা ওয়্যারহাউজের ঠিকানা যেখানে চা সংরক্ষণ করা হবে: ______________________________

(৫) চা ওয়্যারহাউজের মেঝের আয়তন: ______________________________

(৬) চা ওয়্যারহাউজটি নিজ মালিকানাধীন জায়গায় নাকি চুক্তিবদ্ধ ভাড়ায়: ______________________________

(৭) ব্যবসার ধরন (এক মালিকানা/অংশীদারী/কোম্পানী): ______________________________

(৮) মোবাইল নাম্বার: ______________________________

(৯) ফি এর পরিমাণ: ______________________________

আবেদন জমাদানের তারিখ: আবেদনকারীর স্বাক্ষর ও সীল

বি:দ্র: আবেদনপত্রে এক মালিকানা ব্যবসায়ের ক্ষেত্রে স্বত্বাধিকার নিজে, অংশীদারী ব্যবসায়'র ক্ষেত্রে যেকোন একজন চুক্তিবদ্ধ অংশীদার, এবং কোম্পানীর ক্ষেত্রে ডিরেক্টর/সেক্রেটারী/অনুমোদিত সিনিয়র প্রতিনিধি দ্বারা স্বহস্তে স্বাক্ষরিত হতে হবে।

সংযুক্ত কাগজপত্র : আবেদনকারী প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট সনদ, ফায়ার সনদ, ব্যাংক সলভেন্সি, ভূমির মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্র, ওয়্যারহাউজের পূর্নাঙ্গ স্কেচ ম্যাপ।

**বাংলাদেশ চা বোর্ড**
**প্রধান কার্যালয়**
**নাসিরাবাদ, চট্টগ্রাম**

## চা ওয়্যারহাউজ নিবন্ধিকরণ সংক্রান্ত নির্দেশনা

**চা ওয়্যারহাউজ নিবন্ধিকরণ:**

**(ক) লাইসেন্স কর্তৃপক্ষ** : চা আইন ২০১৬ এর ২৪ নং ধারার উদ্দেশ্য পূরণকল্পে, চা ওয়্যারহাউজ লাইসেন্সিং কর্তৃপক্ষ হইবে চা বোর্ড।

(খ) **লাইসেন্সের জন্য আবেদন:**

(১) চা আইন ২০১৬ এবং এই বিধিমালার অধীন চা ওয়্যারহাউজের লাইসেন্সের জন্য নির্ধারিত ফি ও কাগজপত্র সংযুক্ত করিয়া লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে। লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত আবেদন বিবেচনার সুবিধার্থে আবেদনকারীর নিকট হইতে অতিরিক্ত তথ্য বা কাগজপত্র তলব করিতে পারিবে।

(২) লাইসেন্সবিহীন কোন ওয়্যারহাইজে বাগানে উৎপাদিত চা নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে অথবা অন্য কোন কারণে মজুদ রাখা যাইবে না।

**গ) লাইসেন্স অনুমোদন বা না মঞ্জুর:**

(১) চা ওয়্যারহাউজ লাইসেন্সের জন্য নির্ধারিত ফরমে কোন আবেদন প্রাপ্তির পর ১৫ কার্যদিবসের মধ্যে চা বোর্ডের কমিটি কর্তৃক চা ওয়্যারহাউজটি সরেজমিন পরিদর্শন করিয়া আবেদনকারীর অভিজ্ঞতা , ওয়্যারহাউজ পরিচালনা করিবার সক্ষমতা , জনবল, ওয়্যারহাউজে চা সংরক্ষণের জন্য যথাযথ মান ও উপযুক্ত অবকাঠামো, আবেদনকারীর আর্থিক স্বচ্ছলতা , ইত্যাদি রহিয়াছে কিনা তাহা যাচাইক্রমে সুপারিশ প্রদান করিবে। উক্ত সুপারিশ প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ ১৫ কার্যদিবসের মধ্যে কমিটির সুপারিশ ও অন্যান্য তথ্য ও কাগজপত্র যাচাই বাছাই ও পরীক্ষান্তে আবেদনকারীর অনুকূলে চা ওয়্যারহাউজ লাইসেন্স প্রদান করিবে বা আবেদন না মঞ্জুর করিবে।

(২) আবেদন না মঞ্জুর হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্তরূপ সিদ্ধান্ত লিখিতভাবে আবেদনকারীকে অবহিত করিবে।

(৩) আবেদন মঞ্জুর হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ ওয়্যারহাউজ লাইসেন্স প্রদান করিবে।

**ঘ) লাইসেন্স বৈধতার মেয়াদ:**

(১) লাইসেন্সের মেয়াদ হইবে ৫ বছর। তবে প্রতি বছর ৩১ ডিসেম্বরের মধ্যে লাইসেন্স নবায়ন করিতে হইবে।

(২) প্রতিবছর চা বোর্ড কর্তৃক ওয়্যারহাউজ পরিদর্শন এবং নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে লাইসেন্স নবায়ন করিতে হইবে । পর পর ২ বছর নবায়ন করা না হইলে তাহা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

**ঙ) লাইসেন্স ফি:**

(১) লাইসেন্স ফি ও নবায়ন ফি বোর্ড কর্তৃক নির্ধারণ করা হইবে।

(২) লাইসেন্স ফি ও নবায়ন ফি সময়ে সময়ে চা বোর্ড পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**চ) লাইসেন্সের শর্তসমুহ:**

(১) প্রতিটি লাইসেন্স ওয়্যারহাউজের নামে ইস্যু করা হইবে এবং উক্ত লাইসেন্সের নাম পরিবর্তন করা যাইবে না।

(২) কোন লাইসেন্স গ্রহীতা যদি তার ব্যবসা অন্য কাহারোর নিকট বিক্রয় করিতে চায়, তাহা হইলে পূর্বেই চা বোর্ডের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৩) কোন এক মালিকানা ব্যবসায়ের লাইসেন্স গ্রহিতা পরবর্তীতে অংশীদারী ব্যবসায়ে রুপান্তরিত হইলে অংশীদারী চুক্তির এক মাস পূর্বে চা বোর্ডের অনুমোদন গ্রহণ করিতে হইবে এবং প্রয়োজনীয় সংশোধন করিতে হইবে।

(৪) কোন অংশীদারী ব্যবসায়ের অনুকূলে যদি লাইসেন্স ইস্যু করা হয় এবং অংশীদারদের ঐক্যমতের ভিত্তিতে যদি উক্ত অংশীদারী ব্যবসা বন্ধ হইয়া যায়, সেইক্ষেত্রে অংশীদারী চুক্তি বাতিলের এক মাস পূর্বে প্রত্যেক অংশীদার কর্তৃক চুক্তি বাতিলের লিখিত কারণ চা বোর্ডে পেশ করিতে হইবে।

(৫) চা ওয়্যারহাউজ লাইসেন্স গ্রহীতা এই মর্মে অঙ্গীকার প্রদান করিবেন যে লাইসেন্সিং কর্তৃপক্ষ বা তাহার কোন প্রতিনিধি যে কোন সময় কোন ধরনের নোটিশ ছাড়াই ওয়্যারহাউজ পরিদর্শন করিতে পারিবেন এবং নথি, রেকর্ড, কাগজপত্র তলব করিতে পারিবেন।

(৬) চা ওয়্যারহাউজ লাইসেন্স গ্রহিতা এই মর্মে অঙ্গীকার প্রদান করিবেন যে, তাহার বা তাহাদের ওয়্যারহাউজে বাংলাদেশে উৎপাদিত চা এবং চা বোর্ড কর্তৃক অনুমোদিত চা কারখানায় উৎপাদিত চা ব্যতীত অন্য কোন ধরণের চা মজুদ রাখিবেন না।

(৭) চা বাগানের নামবিহীন কোন চায়ের বস্তা সংরক্ষণ করিবেন না । সংরক্ষণকৃত চায়ের বস্তাসমূহে বাগানের নাম , চায়ের গ্রেড, উৎপাদন সাল ও তারিখ, ওজন, ইনভেয়েস নং, বস্তার ক্রমিক নং, ইত্যাদি লিপিবদ্ধ থাকিতে হইবে।

(৮) যে ভূমির ওপর চা ওয়্যারহাউজ স্থাপন করা হইবে উক্ত ভূমি ক্রয়সূত্রে , ইজারাসূত্রে বা ভাড়াসূত্রে লাইসেন্স গ্রহীতা দখলকার হইতে হইবে । কোন চা বাগানের মধ্যে বা বাগানের লীজভূক্ত জায়গায় বা কোন চা ফ্যাক্টরি সংলগ্ন জায়গায় ওয়্যারহাউজ স্থাপন করা যাইবেনা।
(৯) লাইসেন্স হালনাগাদ করা ব্যতিরেকে কোন ওয়্যারহাউজে চা মজুদ রাখা যাইবে না।
(১০) কোন লাইসেন্স গ্রহীতা যদি তাহার ব্যবসা বন্ধ করিতে চায় , সেইক্ষেত্রে বন্ধ করিবার তিনমাস পূর্বে লাইসেন্সটি বাতিল করিবার জন্য লিখিত আবেদন করিতে হইবে।
(১১) ওয়্যারহাইজ লাইসেন্স গ্রহীতা তাহার চা ব্যবসা সম্পর্কিত যে কোন তথ্য লাইসেন্স কর্তৃপক্ষ কর্তৃক চাহিবামাত্র দিতে বাধ্য থাকিবেন।
(১২) চা ক্রেতা কর্তৃক প্রদত্ত ভ্যাট চালানের কপি ওয়্যারহাউজে আবশ্যিকভাবে সংরক্ষণ করিতে হইবে এবং চা বোর্ড কর্তৃক দাপ্তরিক কাজে চাওয়া হইলে তাহা সরবরাহ করিতে হইবে।
(১৩) কোন ওয়্যারহাউজের লাইসেন্স স্থগিত করা হইলে উক্ত স্থগিতাদেশ প্রত্যাহার না করা পর্যন্ত ওয়্যারহাউজের কার্যক্রম বন্ধ থাকিবে । লাইসেন্সের মেয়াদ থাকার মধ্যে লাইসেন্স নবায়ন করা না হইলেও অনুরূপভাবে ওয়্যারহাউজের কার্যক্রম বন্ধ থাকিবে।
(১৪) চা বোর্ড কর্তৃক সময়ে সময়ে জারীকৃত চা ওয়্যারহাউজ সংশ্লিষ্ট আদেশ যথাযথভাবে পরিপালন করিতে হইবে।

**ছ) <u>চা ওয়্যারহাউজের জন্য অত্যাবশ্যকীয় বৈশিষ্ট সমূহ</u>** :
(১) চা মজুদের জন্য এমনভাবে উপযুক্ত হইতে হইবে যাহাতে চায়ের গুনগত মান অক্ষুন্ন থাকে;
(২) দেওয়াল ও ছাঁদ ইট বা টিনের তৈরি হইতে হইবে যাহাতে কোন ছিদ্র থাকিবে না এবং ভালোভাবে প্লাস্টার করিতে হইবে এবং দেওয়াল ও ছাঁদ অবশ্যই শুষ্ক হইতে হইবে;
(৩) ওয়্যারহাউজের মেঝে অবশ্যই পাকা এবং শুষ্ক হইতে হইবে এবং ; ওয়্যারহাউজে চা মজুদের জন্য প্রয়োজনীয় নির্দিষ্ট তাপমাত্রা ও আর্দ্রতা নিয়ন্ত্রণ করিবার ব্যবস্থা থাকিতে হইবে;
(৪) ওয়্যারহাউজে যথাযথ ভেন্টিলেশন ব্যবস্থা থকিতে হইবে এবং পাশাপাশি পোকা -মাকড় ও পাখি যাহাতে ওয়্যারহাউজের ভিতরে প্রবেশ করিতে না পারে সেই ব্যবস্থাও করিতে হইবে;
(৫) পর্যাপ্ত আলো ও উন্নতমানের বৈদ্যুতিক সরঞ্জামাদি ব্যবহার করিতে হইবে যাহাতে শর্টসার্কিট না হয়;
(৬) ওয়্যারহাউজে চায়ের বস্তা প্রবেশ ও বাহির করিবার জন্য পর্যাপ্ত সংখ্যক দরজা ও স্থান থাকিতে হইবে;
(৭) ওয়্যারহাউজের দরজা ও জানালায় এমন কোন ছিদ্র থাকিবে না যাহাতে ঝড়-বৃষ্টিতে কোন প্রকার ক্ষতি হয়;
(৮) ওয়্যারহাউজে গাড়ি পার্কিং এর জন্য এবং গাড়ি হইতে চা পাতা আনা-নেওয়ার জন্য পর্যাপ্ত জায়গা থাকিতে হইবে;
(৯) ওয়্যারহাউজে এমন কোন বস্তু/পদার্থ রাখা যাইবে না যাহা মজুদকৃত চায়ের সুরক্ষা ও গুনগতমানের জন্য ক্ষতিকর;
(১০) ওয়্যারহাউজের ভিতরে ও বাহিরের স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় রাখিতে হইবে;

**<u>জ) লাইসেন্স বাতিল:</u>** (১) চা আইন ২০১৬ ও এই বিধিমালার কোন নির্দেশ ভঙ্গ করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স বাতিল করিবার অধিকার রাখে। লাইসেন্সিং কর্তৃপক্ষ যদি কোন ওয়্যারহাউজের লাইসেন্স বাতিল করিয়া দেয় সেইক্ষেত্রে যে কারনে বাতিল করা হইয়াছে তাহা উল্লেখপূর্বক পত্র মারফত লাইসেন্স গ্রহীতাকে অবহিত করিবেন।
(২) লাইসেন্স বাতিল করা হইলে বা নামঞ্জুর হইলে লাইসেন্স গ্রহিতা পরিশোধিত ফি চা বোর্ডের নিকট দাবি করিতে পারিবেন না।
(৩) সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে লাইসেন্সিং কর্তৃপক্ষ বা তাহার কোন প্রতিনিধি যেকোন সময় ওয়্যারহাউজ পরিদর্শন এবং প্রয়োজনে মজুদকৃত চাসহ ওয়্যারহাউজ সিল করিতে পারিবেন।
(৪) লাইসেন্স বাতিল করিবার পর উক্ত ওয়্যারহাউজে আর কোন চা সংরক্ষণ বা মজুদ রাখা যাইবে না।

**ঝ) হিসাব সংরক্ষণ** : লাইসেন্স গ্রহীতা তাহার ওয়্যারহাউজে চা আগমন -নির্গমন ও মজুদ সংক্রান্ত হিসাব রেজিস্টারভূক্ত করার বিষয় নিশ্চিত করিবেন এবং প্রতিমাসের ৭ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে চা বোর্ডে তথ্য প্রেরণ করিবেন । এছাড়া ভ্যাটসহ সরকারের অন্যান্য পাওনা যথাযথভাবে পরিশোধ করিয়া হিসাব সংরক্ষণ করিবেন।

**ঞ) প্রবেশ, পরিদর্শন ও জব্দ করার ক্ষমতা** : লাইসেন্সিং কর্তৃপক্ষ বা তাহার কোন প্রতিনিধি যে কোন সময় কোন ধরনের নোটিশ ছাড়াই ওয়্যারহাউজে প্রবেশ ও পরিদর্শন করিতে পারিবেন এবং নথি , রেকর্ড, কাগজপত্র তলব করিতে পারিবেন । লাইসেন্সিং কর্তৃপক্ষের কোন প্রতিনিধি পরিদর্শনকালে যৌক্তিক কারণে মজুদকৃত চা জব্দ করাসহ ওয়্যারহাউজ সিল করিতে পারিবেন । এইরূপ চা জব্দ বা ওয়্যারহাউজ সিল করিবার ক্ষেত্রে ২৪ ঘন্টার মধ্যে চা বোর্ডের নিকট প্রতিবেদন উপস্থাপন করিতে হইবে । বর্ণিত প্রতিবেদন প্রাপ্তির সাথে সাথে চা বোর্ড যথাসম্ভব দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

**ট) <u>সংশোধন:</u>** লাইসেন্স অনুমোদনের পর কোন ভুল উদঘাটিত হইলে তাহা বাতিল বা সংশোধনের অধিকার লাইসেন্সিং কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**ঠ) <u>ডুপ্লিকেট লাইসেন্স ইস্যু:</u>** লাইসেন্স বই চুরি হইলে অথবা হারাইয়া গেলে স্থানীয় থানায় জিডি করিতে হইবে এবং ডুপ্লিকেট লাইসেন্সের জন্য আবেদনের সাথে জিডির কপি ও ১,০০০/- টাকার ১টি পে-অর্ডার জমা দিতে হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চা বোর্ড
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড নাসিরাবাদ, চট্টগ্রাম
বাণিজ্য শাখা
www.teaboard.gov.bd

নম্বর ২৬.০৯.০০০০.১০৫.৩৪.০০১.১৭.১২৪

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৯
২৮ জুলাই ২০২২

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল চা ওয়্যারহাউজ ও চা ব্রোকার ব্যবসায়ীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৫ এপ্রিল, ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ চা বোর্ডের ৮৮তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী চা বোর্ডের ১৪/০৬/২০১৭ খ্রি. তারিখের বিটিবি/বাণিজ্য-১২/২০০৭-১৫৬ নম্বর এবং ০৯/০১/২০১৯ খ্রি. তারিখের ২৬.০৯.০০০০.১০৫.৩৫.০০৪.১৮.১ নম্বর আদেশ সংশোধনক্রমে চা ওয়্যারহাউজ ও ব্রোকার লাইসেন্স নিবন্ধন, নবায়ন ও বিলম্ব ফি নিম্নবর্ণিতভাবে পুনঃনির্ধারণ করা হলো।

| লাইসেন্সের ধরন | নিবন্ধন ফি | নবায়ন ফি | নির্ধারিত সময়ের মধ্যে নবায়ন না করা হলে বিলম্ব ফি | নবায়নের সময় |
|---|---|---|---|---|
| চা ওয়্যারহাউজ | ৭৫,০০০ টাকা | ২৫,০০০ টাকা | ৫,০০০ টাকা | প্রতি বছর ডিসেম্বরের মধ্যে |
| চা ব্রোকার | ৩৭,৫০০ টাকা | ১৮,৭৫০ টাকা | ৫,০০০ টাকা | প্রতি বছর জুনের মধ্যে |

ইহা অবিলম্বে কার্যকর হবে।

২৮-৭-২০২২
মোহাম্মাদ রুহুল আমীন
সচিব (ভারপ্রাপ্ত)
ফোন: ০৩১-৬৮২০৯৬
ফ্যাক্স: ৬৮২৮৬৩
ইমেইল:
secretarybtb1@gmail.com

অনুলিপি:
১) উপ পরিচালক (বাণিজ্য) (ভারপ্রাপ্ত), বাণিজ্য দপ্তর, বাংলাদেশ চা বোর্ড।
২) চেয়ারম্যান, টি ট্রেডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৩) ব্যবস্থাপনা পরিচালক, সকল চা ব্রোকার্স, চট্টগ্রাম/শ্রীমঙ্গল চা নিলাম কেন্দ্র।
৪) স্বত্বাধিকার/ব্যবস্থাপনা পরিচালক, সকল চা ওয়্যারহাউজ।
৫) স্টেনোগ্রাফার (পিএ), চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ চা বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬) স্টেনোগ্রাফার (পিএ), অর্থ ও বাণিজ্য দপ্তর, বাংলাদেশ চা বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।